**তারিখ:** 05/05/2016

**আর বি আই বেসরকারি ক্ষেত্রে সার্বিক আর্থিক পরিষেবা প্রদানকারী ব্যাংক( Universal Bank) –এর "on tap" অনুমোদনের জন্য "খসড়া নির্দেশিকা" প্রকাশ করল**

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক আজ তাদের ওয়েবসাইটে "**বেসরকারি ক্ষেত্রে সার্বিক আর্থিক পরিষেবা প্রদানকারী ব্যাংক( ইউনিভার্সাল ব্যাংক) –এর "on tap" অনুমোদনের জন্য "খসড়া নির্দেশিকা" প্রকাশ করেছে।** এই **খসড়া নির্দেশিকা –এর উপর** রিজার্ভ ব্যাঙ্ক বিভিন্ন ব্যাংক, নন-ব্যাংকিং আর্থিক সংস্থা, শিল্প সংস্থা, অন্যান্য প্রতিষ্ঠান এবং সার্বিকভাবে সাধারণ জনগণের কাছ থেকে তাদের দৃষ্টিভঙ্গি/ মতামত আহবান করেছে। **খসড়া নির্দেশিকা –এর উপর** প্রস্তাব / মতামত জুন 30,2016 তারিখের মধ্যে মুখ্য মহাপ্রবন্ধক, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক,ব্যাংকিং নিয়ন্ত্রণ বিভাগ, ত্রয়োদশ ( 13) তল, কেন্দ্রীয় কার্যালয়, শহীদ ভগত সিংহ মার্গ ,মুম্বাই -400001। প্রস্তাব / মতামত ই-মেলের মধ্যমেও পাঠানো যেতে পারে এই স্থানে ক্লিক করে

**খসড়া নির্দেশিকা –এর উপর আলোচনা ,** প্রস্তাব এবং মতামত পাওয়ার পড়ে চূড়ান্ত **নির্দেশিকা** জারি করা হবে এবং **বেসরকারি ক্ষেত্রে নতুন সার্বিক আর্থিক পরিষেবা প্রদানকারী ব্যাংক( Universal Bank) প্রতিষ্ঠা করার জন্য আবেদনপত্র আহবান করা শুরু হবে।**

**ইউনিভার্সাল ব্যাংক** এর উপর ফেব্রুয়ারী 22,2013 তারিখাঙ্কিত পূর্বের নির্দেশিকা থেকে সরে এসে বর্তমান নির্দেশিকা অন্তর্ভূক্ত করেছে (i) বসবাসকারী একক ব্যক্তি এবং বৃত্তিজীবীদের **ইউনিভার্সাল ব্যাংক** স্থাপনে অনুমোদন দিতে যাদের ব্যাংকিং এবং অর্থনৈতিকও ক্ষেত্রে 10 বছরের অভিজ্ঞতা আছে; ( ii ) বড় শিল্প/বাণিজ্যিক সংস্থাগুলিকে অনুমোদন তালিকা থেকে বাদ দেওয়া হয়েছে কিন্তু এই সংস্থাগুলি ব্যাংকগুলিতে 10 শতাংশের কম আমানত করতে পারবে ; (iii) নন-অপারেটিভ ফিনান্সিয়াল হোল্ডিং কোম্পানী (NOFHC )গুলির ক্ষেত্রে যার/যাদের অন্য কোন জোটবদ্ধ সংস্থা নেই এমন ব্যক্তি বিশেষ বা একক সংস্থা উদ্যোগে আগ্রহী / সেইভাবে পরিবর্তিত সংস্থাগুলির এখন থেকে আর বাধ্যবাধকতা থাকছে না; (iv) এখন NOFHC গুলির সম্পূর্ণ মালিকানার পরিবর্তে সর্বমোট 51 শতাংশ পেড-আপ ইক্যুয়িটি ক্যাপিটাল –এর মালিকানা উদ্যোগপতি / তাদের গোষ্ঠীর হাতে থাকা প্রয়োজন; এবং (V) NOFHC –এর অধীনে প্রস্তাবিত আলাদা সংস্থা থেকে বিদ্যমান বিশেষ কার্যধারা বজায় রাখার অনুমতি দেওয়া হয়েছে রিজার্ভ ব্যাংকের পূর্বানুমতির ভিত্তিতে এবং এই নিশ্চয়তা প্রদানের শর্তে যে এই একই কার্যাধারা ব্যাংকের মাধ্যমেও বজায় রাখা হবে না।

**নির্দেশিকাটির মূল বৈশিষ্ট্য সমূহ :**

**(I) যোগ্যতাসম্পন্ন উদ্যোগপতি**

i) বিদ্যমান নন-ব্যাংকিং আর্থিক সংস্থা সমূহ যেগুলি "বসবাসকারী দ্বারা নিয়ন্ত্রিত" এবং যাদের ন্যূনতম 10 বছরের সফলতার নিদর্শন আছে।

ii) ব্যক্তি বিশেষ/ বৃত্তিজীবী যারা "বসবাসকারী" এবং ব্যাংকিং এবং আর্থিক বিষয়ে 10 বছরের অভিজ্ঞতা আছে।

iii) বেসরকারী ক্ষেত্রে সেইসব সংস্থা সমূহ/ তাদের গোষ্ঠী যারা "বসবাসকারী দ্বারা নিয়ন্ত্রিত এবং তাদের মালিকানাধীন"[ফেমা রেগুলেশনে যেমন সজ্ঞায়িত আছে , সময়ে সময়ে যেমন ভাবে সংশোধিত হয়েছে ] এবং যাদের ন্যূনতম 10 বছরের সফলতার নিদর্শন আছে, এই শর্তে যে সেইসব সংস্থা সমূহ/ তাদের গোষ্ঠীর মোট সম্পদের পরিমাণ ₹ 50 বিলিয়ান ( 1 বিলিয়ন= 10,00,000/-)অথবা তার বেশী হতে হবে ,সর্বমোট আয়ের বিচারে ঐ গোষ্ঠীর নন-ফিনান্সিয়াল ব্যবসার পরিমাণ তাদের মোট সম্পদের 40 শতাংশ বা তার বেশী হবে না।

## (II) 'যথাযোগ্যতা ও উপযুক্ততার ' মাপকাঠি

উদ্যোগপতি /উদ্যোগ গ্রহণকারী সংস্থা/ উদ্যোগপতিদের গোষ্ঠী গুলির সুষ্ঠু আর্থিক, বিশ্বাসযোগ্যতা, নৈতিকতার অতীত নির্দশন ন্যূনতম 10 বছরের সফলতার নিদর্শন থাকতে হবে।

## (III) কর্পোরেট গঠন

একক উদ্যোক্তাদের বা স্বতন্ত্র উদ্যোগী / পরিবর্তনকারী সংস্থাগুলির যাঁদের/ যেগুলির অন্য গোষ্ঠীভুক্ত সংস্থা নেই তাদের জন্য অ -ক্রিয়াশীল আর্থিক হোল্ডিং কোম্পানির (NOFHC) প্রয়োজনীয়তা বাধ্যকতামূলক নয়। একক উদ্যোক্তা/ উদ্যোগী সংস্থা /পরিবর্তণকারী সংস্থা যাদের অন্য গোষ্ঠীভুক্ত সংস্থা বর্তমান , তারা কেবলমাত্র NOFHC –এর মাধ্যমেই ব্যাংক প্রতিষ্ঠা করতে পারবেন। উদ্যোক্তা/উদ্যোক্তা গোষ্ঠীকে NOFHC-এর পরিশোধিত মূলধনের ন্যূনতম পক্ষে 51 শতাংশ প্রদান করে NOFHC টির মালিকানা অধিকার করতে হবে। NOFHC-এর অধীনে গঠিত কোন আলাদা সংস্থার মাধ্যমে অন্য বিশিষ্ট কাজকর্ম করা অনুমোদিত হবে রিজার্ভ ব্যাংকের পূর্ব অনুমতির ভিত্তিতে এবং এই শর্তে যে ওই একই ধরণের কাজ ব্যাংকের মাধ্যমে করা হবে না।

## (IV) ন্যূনতম মূলধনী যোগ্যতা

ব্যাংকের ন্যূনতম প্রারম্ভিক পরিশোধিত ভোটিং ইক্যুয়িটি মূলধনের পরিমাণ হতে হবে 5 কোটি টাকা। পরবর্তিতে যে কোন সময়ে ব্যাংকটির ন্যূনতম নিট সম্পদের পরিমাণ হতে হবে 5 কোটি টাকা।

উদ্যোক্তা / উদ্যোক্তাদের এবং উদ্যোক্তা গোষ্ঠী / NOFHC , ক্ষেত্র বিশেষে যেমন হবে, তাদের ব্যাংকটির পরিশোধিত ভোটিং ইক্যুয়িটি মূলধনের ন্যূনতম 40 শতাংশের মালিকানা অধিকার করতে হবে এবং এর মূল্য ব্যাংকটির ব্যবসা শুরুর পর থেকে পাঁচ বছর সময় পর্যন্ত এই অর্থ আটকে থাকবে ( locked-in)। উদ্যোগপতিদের গোষ্ঠী মালিকানা মূল্য ব্যাংকটির ব্যবসা শুরুর পর 12 মাস সময়ের মধ্যে কমিয়ে 15 শতাংশে আনা হবে।

## (V) ব্যাংকটির বৈদেশিক মালিকানা

উপরে (IV) –এ উল্লেখিত উদ্যোক্তাদের ন্যূনতম মালিকানা শর্ত পূরণ করার পর ব্যাংকটির বৈদেশিক মালিকানা হতে পারে প্রত্যক্ষ বিদেশী বিনিয়োগ (FDI) নীতির ভিত্তিতে। বর্তমানে মোট বিদেশী বিনিয়োগের সীমা 74 শতাংশ।

## (VI) কর্পোরেট পরিচালনার সুচিন্তিত ব্যবস্থা এবং তথ্য প্রকাশের নিয়মাবলী

ব্যাংকটি ব্যাংকিং রেগুলেশন অ্যাক্ট 1949-এর বিধিগুলির এবং বাণিজ্যিক ব্যাংকগুলির ক্ষেত্রে প্রযোজ্য বিদ্যমান নির্দেশিকা এবং তথ্য প্রকাশের নিয়মাবলীর আবশ্যিকভাবে অনুপালন করবে। ব্যাংকটি শুরু থেকেই তার উদ্যোগপতিদের , প্রধান অংশীদারদের যাঁরা 10 শতাংশের বেশী পরিশোধিত ইক্যুয়িটি মূলধনের অংশীদার , তাদের স্বজন উপরন্তু সেইসমস্ত সংস্থা যেখানে তাঁদের গুরুত্বপূর্ণ প্রভাব বা কর্তৃত্ব আছে তাদের কাছে তথ্য প্রকাশের জন্য অননুমোদিত।

## (VII) ব্যাংকটির বাণিজ্য পরিকল্পনা

আবেদনে প্রস্তাবিত ব্যাংকটির বাণিজ্য পরিকল্পনা হতে হবে বাস্তবমুখী এবং টিকে থাকতে সক্ষম এমন এবং উল্লেখ করতে হবে কিভাবে ব্যাংকটি অর্থনৈতিক অন্তর্ভুক্তিকে রূপদান করবে।

**(VIII) অন্যান্য শর্তাবলী : ব্যাংকটি তার ব্যবসা শুরু করার ছয় বছর সময়কালের মধ্যে তার শেয়ার আবশ্যিকভাবে শেয়ারবাজারের সঙ্গে নথিভুক্ত করবে।**

ব্যাংকটিকে তার শাখাগুলির কমপক্ষে 25 শতাংশ শাখাকে ব্যাংকহীন গ্রামীণ অঞ্চলে খুলতে হবে ( শেষ জনগণণা অনুসারে যে অঞ্চলের জনসংখ্যা 9,999 পর্যন্ত ) ব্যাংকটিকে **আবশ্যিকভাবে** তফশিলভুক্ত বাণিজ্যিক ব্যাংকের ক্ষেত্রে প্রযোজ্য অগ্রাধিকারের ক্ষেত্রে প্রদেয় ঋণের ( Priority Sector Lending)সীমা ও উপ-সীমার ( Target & Sub-target) অনুপালন করতে হবে। ব্যাংকটির পরিষদে ( Board ) অধিকতর সংখ্যায় স্বাধীন/স্বতন্ত্র ( independent )নির্দেশক থাকতে হবে।

**(IX) আবেদন করার পদ্ধতি**

- On-tap পদ্ধতিতে অনুজ্ঞাপত্র সংক্রান্ত window দৃশ্যমান হবে এবং নির্ধারিত ফর্মায় আবেদনপত্র তৎসহ আনুসঙ্গিক তথ্য যেকোন সময়ে রিজার্ভ ব্যাংকে জমা দেওয়া যাবে।
- আবেদনপত্র রিজার্ভ ব্যাংক দ্বারা গঠিত একটি Standing External Advisory Committee (SEAC) –এর কাছে পেশ করা হবে।
- উপরোক্ত কমিটি তাদের সুপারিশ বিবেচনার জন্য রিজার্ভ ব্যাংকের কাছে জমা করবে।
- ব্যাংক প্রতিষ্ঠার নীতিগত সিদ্ধান্ত মঞ্জুর করবে রিজার্ভ ব্যাংক ।
- রিজার্ভ ব্যাংকের জারি করা নীতিগত মঞ্জুরীর বৈধতা বজায় থাকবে মঞ্জুরী জারি করার পর থেকে 18 মাস সময় পর্যন্ত এবং তারপর স্বতই সময় অতিবাহিত ( বাতিল) হয়ে যাবে।
- এই বিষয়ে রিজার্ভ ব্যাংকের সিদ্ধান্ত চূড়ান্ত ।
- স্বচ্ছতা নিশ্চিত করার জন্য ব্যাংক অনুজ্ঞাপত্র প্রাপ্তির জন্য জমা দেওয়া আবেদনকারীর নাম এবং সেইসব আবেদনকারীর নাম যাদের আবেদনপত্র নীতিগত মঞ্জুরী প্রদানের জন্য উপযুক্ত বিবেচিত হয়েছে তাদের নাম রিজার্ভ ব্যাংকের ওয়েবসাইটে নির্দিষ্ট সময়ের ব্যবধানে প্রদর্শিত হবে। স্মরণ

**পটভূমি**

স্মরণ করা যেতে পারে যে ভারতীয় রিজার্ভ ব্যাংক সর্বশেষ জারি করেছে নতুন বেসরকারি ব্যাংক অনুজ্ঞাপত্রের নির্দেশিকা guidelines for licensing of new banks in the private sector) ফেব্রুয়ারী 22,2013 তারিখে । তারপর রিজার্ভ ব্যাংকের দুটি আবেদনকারীকে ব্যাংক প্রতিষ্ঠার জন্য নীতিগত মঞ্জুরী প্রদান করেছে এবং তাঁরা ব্যাংকগুলির প্রতিষ্ঠা করেছেন। নরসিম্হম কমিটি, রঘুরাম জি. রাজন কমিটির সুপারিশ এবং অন্যান্য দৃষ্টিকোণ থেকে বিচার করে ভারতে একটি সুস্পষ্ট ব্যাংকিং পরিকাঠামো নির্মাণে বিজার্ভ ব্যাংক একটি নীতি গবেষণা পত্র প্রস্তুত করেছিল আগস্ট 27,2013 তারিখে Banking Structure in India – The Way Forward এই শিরোনামে।খুঁটিনাটির বিস্তৃত পরীক্ষা করার পর এই গবেষণা পত্র নির্দেশ করে যে অনুজ্ঞাপত্র জারি করার বর্তমান "থামুন ও চলুন" ( 'Stop and Go' ) নীতির পুনর্বিবেচনা করে চলমান অনুমোদন ('continuous authorisation') নীতির কথা বিবেচনা করতে এই ভাবনা থেকে যে এই নীতি প্রতিযোগিতার মাত্রা বৃদ্ধি এবং পদ্ধতিতে নতুন চিন্তা নিয়ে আসবে। এই গবেষণা পত্রের উপর প্রতিক্রিয়া পর্যাপ্ত সুরক্ষা ব্যবস্থা সহ চলমান অনুমোদন প্রস্তাবকে স্পষ্টভাবে সমর্থন করছে। এপ্রিল 01,2014 তারিখে ঘোষিত দ্বিমাসিক আর্থিক নীতি বিবৃতি 2014-15 (**Monetary Policy Statement 2014-15 announced on April 1, 2014)**, আনুষঙ্গিক বিষয় সহ , তখন নির্দেশ করেছিল যে অনুজ্ঞাপত্র জারি করার নীতিগত মঞ্জুরী দেওয়ার পর রিজার্ভ ব্যাংক On-tap পদ্ধতিতে অনুজ্ঞাপত্র প্রদানের পরিকাঠামো তৎসহ বিচ্ছিন্নভাবে ব্যাংক অনুজ্ঞাপত্র প্রদানের বিষয়ে কাজ শুরু করবে।এই গবেষণা পত্রের উপর ভিত্তি করে এবং বর্তমান অনুজ্ঞাপত্র প্রদান পদ্ধতির অভিজ্ঞতা ব্যবহার করে, যেমন, 2014 সালের দুটি ইউনিভার্সাল ব্যাংকে অনুজ্ঞাপত্র প্রদান, এবং ক্ষুদ্র আর্থিক ব্যাংক ( Small

Finance Banks)এবং পেমেন্ট ব্যাংককে নীতিগত মঞ্জুরী প্রদান, রিজার্ভ ব্যাংক এখন ইউনিভার্সাল ব্যাংকে চলমানভাবে অনুজ্ঞাপত্র প্রদান পদ্ধতির পরিকাঠামো নির্মাণ করেছে৷

**অল্পনা কিল্লাওয়ালা**
মুখ্য উপদেষ্টা (প্রিন্সিপাল অ্যাডভাইসার)

**প্রেস প্রকাশনী :2015-2016/2581**